



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



জরুরি বিজ্ঞপ্তি

নং- ঢাশিবো/বি/৬৪/জেএসসি/এসএসসি রেজিঃ/১০৪৮

তারিখ: ৩১/১০/২০২৩

বিষয় : ২০২৩ সালের ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (eSIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন করা প্রসঙ্গে।

অত্র বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষককে উপর্যুক্ত বিষয়ের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১। জাতীয় শিক্ষা নীতি, ২০১০ অনুযায়ী পরীক্ষা বছরের ১ জানুয়ারি শিক্ষার্থীর ন্যূনতম বয়স ৯+ বছর এবং ৩১ ডিসেম্বর সর্বোচ্চ ১৫ বছর; তবে বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২০ বছর।
- ২। ইন্টারমিডিয়েট এন্ড সেকেন্ডারি এডুকেশন অর্ডিন্যান্স ১৯৬১ (১৯৬১ সনের ৩৩নং আইন)-এর ৩৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে শিক্ষা মন্ত্রণালয়ের ২৩/০৪/১৯৯৭ তারিখের শিম/শাঃ১১/বিবিধ-৩৯/৯৬/২৩০/(৬০০) নং স্মারকে জারিকৃত বেসরকারি উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও মাদরাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক পাঠদানের অনুমতি ও স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীরা কেবলমাত্র নিজ শিক্ষা প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রেশনের সুযোগ পাবে।
- ৩। বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পার্শ্ববর্তী বা নিকটতম অনুমোদিত নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/স্কুল এন্ড কলেজের মাধ্যমে রেজিস্ট্রেশন করা যাবে। কোন অবস্থাতেই পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানগুলো নিজ বিদ্যালয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে না;
- ৪। ঢাকা বোর্ডের ওয়েবসাইটে OEMS/eSIF বাটনে ক্লিক করে EIIN ও Password দিয়ে লগইন (Login) করলে Dashboard থেকে eSIF CLASS-VI-তে ক্লিক করলে Payable Fees of CLASS-VI 2023 Registration-এ Applicant Name, Mobile No. এবং Number of Students দিয়ে Print Sonali Seba-এ ক্লিক করে সোনালী সেবার ট্রিপটি প্রিন্ট করতে হবে (বিঃ দ্রঃ-ফরমটি কোনভাবেই ফটোকপি করে ব্যাংকে জমা দেয়া যাবে না)।
ব্যাংকে ২৪ ঘণ্টার মধ্যে পেমেন্ট ক্রিয়ার করলে নির্ধারণকৃত শিক্ষার্থীদের eSIF পূরণ করা যাবে। পেমেন্ট ক্রিয়ারের পরে নির্ধারিত সময়ের মধ্যে পুনরায় সোনালী সেবার ট্রিপ বের করা যাবে।
- ৫। শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ মোতাবেক ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত $(২০+২০+২০)=৬০$ টাকা যুব রেড ক্রিসেন্ট ফি নির্ধারন করা হয়েছে। তন্মধ্যে ৬ষ্ঠ শ্রেণিতে প্রতি শিক্ষার্থীর নিকট হতে ২০ টাকা গ্রহন করে এর ৬০% অর্থাৎ ১২ টাকা ৬০ শতাংশ অর্থাৎ ১২ (বার) টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা রেডক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ অর্থাৎ ০৮ (আট) টাকা শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।
- ৬। শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি রেজিস্ট্রেশন কমিটি গঠন করতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর চূড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত কমিটির সদস্যদের দ্বারা বিদ্যালয়ে রক্ষিত ভর্তি ফরম ও সনদের সাথে মিলিয়ে যথাযথ ভাবে নিশ্চিত করবেন। নিশ্চিত হবার পর ফাইনাল সাবমিট করবেন। রেজিস্ট্রেশন কার্যক্রমে কোন অবস্থায় শিক্ষার্থীদের নিযুক্ত করা যাবে না। চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। শিক্ষার্থীর তথ্যে ভুল-ত্রুটির জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন;